# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : বাসা নং ৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৭৭৪৪২, E-mail : chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/২১ তারিখ : ১৬/০৩/২০২৫খ্রি.

**বিষয় : ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশিট, হাজিরাপত্র ও সিট লেবেল কেন্দ্র থেকে ডাউনলোড ও প্রিন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সম্মানিত কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, তার কেন্দ্রের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশিট, হাজিরাপত্র ও সিট লেবেল আগামী ১৮/০৩/২০২৫খ্রি. তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

**নিম্নে লিখিত পদ্ধতিতে প্রবেশপত্র, রোলশিট, হাজিরাপত্র ও সিট লেবেল ডাউনলোড ও প্রিন্ট করা যাবে:**

ধাপ ০১: বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ ভিজিট করতে হবে।

ধাপ ০২: পাশের মেন্যুগুলোর মধ্যে Our Services থেকে Institute Panel অপশনে ক্লিক করতে হবে।

ধাপ ০৩: কেন্দ্র প্রতিষ্ঠানের EIIN এবং Password লিখে login বাটনে ক্লিক করতে হবে।

ধাপ ০৪: ডান পাশের Admit অপশনে Admit SSC 2025 বাটনে ক্লিক করে পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশিট, হাজিরাপত্র ও সিট লেবেল প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই ৮০ গ্রাম অফসেট A4 সাইজ কাগজে প্রিন্ট দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "পরীক্ষার্থীর অবশ্যই পালনীয় নির্দেশনাবলী "(Student Instruction)" প্রত্যেক প্রবেশপত্রের উল্টো পাশে প্রিন্ট করতে হবে।

প্রবেশপত্রে যে কোনো ধরণের সমস্যা (ভুল, বিভ্রাট, সংখ্যাগত গরমিল, রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের মধ্যে যে কোনো ধরণের তথ্যের অমিল) পরিলক্ষিত হলে আগামী ০৬/০৪/২০২৫খ্রি. তারিখের মধ্যে পরীক্ষার্থীর নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিম্নোক্ত প্রক্রিয়ায় অনলাইনে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদন করে পরীক্ষার্থীর মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রাপ্ত প্রবেশপত্র সহ পরীক্ষা শাখায় আবেদনের মাধ্যমে এ সংক্রান্ত জটিলতা নিষ্পত্তি করা যাবে।

সংশোধনের প্রক্রিয়া:

**www.mymensingheducationboard.gov.bd> Our Services> Institute Panel> Registration> Ten 2023-24> Correction> Submit> Payment.**

০৭/০৪/২০২৫খ্রি. তারিখের পর এতদসংক্রান্ত কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না এবং সকল তথ্যাদি ঠিক আছে মর্মে বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে এবং বোর্ড এ ব্যাপারে দায়মুক্ত বলে গণ্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬/০৩/২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক :
কেন্দ্র সচিব
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র-২০২৫

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/২১ তারিখ : ১৬/০৩/২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
২। বিদ্যালয় পরিদর্শক , মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৩। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
৫। পি.এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৬। অফিস কপি।

১৬/০৩/২০২৫

(সৈয়দ মাহবুবুল ইসলাম )
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ ।
ফোন : ০১৬৬০-১৫৭২৯৮
ই-মেইল: depconbisemym@gmail.com